

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭.৫৫

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮  
২৭ মার্চ ২০২২

বিষয়: মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তালিকা প্রেরণ।

সূত্র: এ বিভাগের স্মারক নং-১০৪, তারিখ: ০৯/০৩/২০২২খি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষন কাজ বাস্তবায়ন নির্দেশিকা গত ১৮/০৭/২০২১ তারিখে জারী করা হয়েছে। উক্ত নির্দেশিকা অনুযায়ী ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের ক্ষেত্রে সর্বোচ্চ ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার মধ্যে চাহিদা নিরূপন করতে হবে। এর থেকে বেশি অর্থের প্রয়োজন হলে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষন কাজ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী মেরামত/সংস্কারযোগ্য যেকোন ইউনিয়নে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রাক্কলন প্রয়োজন।

০২। এমতাবস্থায়, কোন ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কারের প্রয়োজনীয়তা থাকলে উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র প্রাক্কলনসহ নিম্নোক্ত ছক মোতাবেক জরুরী ভিত্তিতে ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষন কাজ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা	উপজেলা	ইউনিয়নের নাম	ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের সন	ইতোপূর্বে সরকারি অর্থ দ্বারা মেরামত করা হয়ে থাকলে মেরামতের সন	মেরামতযোগ্য হলে উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র প্রাক্কলন অনুযায়ী বরাদ্দের পরিমাণ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংযুক্তি: বর্ণনামতে।



২৭-৩-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৪১৯০

ইমেইল: lgup2@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭.৫৫/১(৮)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮  
২৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) প্রকল্প পরিচালক, লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩), মতিঝিল, ঢাকা।
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৬) অতিরিক্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) (সকল)।



২৭-৩-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব